

সবার জন্য ভ্যাকসিনেশন

- + ফ্লু শট
- + Pfizer এবং J&J
COVID-19 ভ্যাকসিন
 - প্রাপ্তবয়স্কদের ডোজ সমূহ
 - 5 বছর বা তার বেশি বয়সী শিশুদের ডোজ সমূহ
 - তৃতীয় ডোজ সমূহ
 - বুস্টার সমূহ

যোগ্য ব্যক্তিদের জন্য এখানে উপলব্ধ রয়েছে

COVID-19 এবং ফ্লু মৌসুম একসাথে হওয়ায়, নিজেকে এবং প্রিয়জনকে অসুস্থ হওয়া থেকে রক্ষা করা আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ।

COVID-19 এবং ফ্লু ভ্যাকসিনগুলি অসুস্থতা, হাসপাতালে ভর্তি এবং এমনকি মৃত্যুর ঝুঁকি কমাতেও নিরাপদ এবং অত্যন্ত কার্যকর।

আপনার নিজের পকেট থেকে কোন খরচ ছাড়াই একই সাথে আপনি COVID-19 ভ্যাকসিন এবং ফ্লু শট নিতে পারবেন।

আপনার জন্য কোন ভ্যাকসিনটি সঠিক মে সম্পর্কে আরও জানুন। QR কোডটি স্ক্যান করুন বা কল করুন **1-844-NYC-4NYC** (1-844-692-4692) নম্বরে।

COVID-19
ভ্যাকসিনগুলি সম্পর্কে আরও
জানুন



ফ্লু ভ্যাকসিনগুলি সম্পর্কে
আরও জানুন



ফ্লু এবং COVID-19-এর জন্য কার ভ্যাকসিন নেওয়া উচিত?

ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) ভ্যাকসিন

ছয় মাস বা তার বেশি বয়সের প্রত্যেকেরই প্রতি বছর একটি মৌসুমী ইনফ্লুয়েঞ্জা (ফ্লু) টিকা নেওয়া উচিত, বিশেষ করে:

- + 2 বছরের কম বয়সী শিশু
- + 65-এর অধিক বয়সী মানুষ
- + যারা গর্ভবতী বা সম্প্রতি জন্ম দিয়েছেন
- + যাদের ডায়াবেটিস, হাঁপানি, হৃদরোগ বা এইচআইভির মত মেডিকেল কন্ডিশন রয়েছে
- + স্বাস্থ্যসেবা কর্মী এবং মানুষের শ্রুশ্বাকারীগণ সহ অপরিহার্য কর্মীরা, যারা অসুস্থ হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছে। যারা শিশুদের, বিশেষ করে ছয় মাসের কম বয়সী নবজাতকদের সেবা দেন তাদের ফ্লুর টিকা নেওয়া উচিত।

COVID-19 ভ্যাকসিন

বেশিরভাগ জনসাধারণ এখন একটি COVID-19 ভ্যাকসিন পাওয়ার যোগ্য:

- + 5 থেকে 11 বছর বয়সী লোকেরা দুটি পেডিয়াট্রিক ডোজ (Pfizer-BioNTech-এর এক তৃতীয়াংশ সক্ষমতার) পেতে পারে
- + 12 বছর বা তার বেশি বয়সের লোকেরা Pfizer-BioNTech ভ্যাকসিনের দুটি ডোজ পেতে পারে
- + 18 বছর বা তার বেশি বয়সের লোকেরা Moderna-এর দুটি ডোজ, বা Johnson & Johnson/Janssen-এর একটি ডোজ পেতে পারে

Pfizer বা Moderna COVID-19 ভ্যাকসিনের 3য় ডোজ

কমপক্ষে 28 দিন আগে COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পাওয়া, এবং কোনও শারীরিক সমস্যা কিংবা চিকিৎসা সাগত কারণে দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা সমৃদ্ধ ব্যক্তিদের জন্য তৃতীয় ডোজ পাওয়া যাচ্ছে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- + ক্যান্সারের সক্রিয় চিকিৎসা
- + রোগ প্রতিরোধ ব্যবস্থার শক্তি হ্রাসকারী অঙ্গ প্রতিস্থাপন এবং ওষুধ
- + বিগত 2 বছরের মধ্যে স্টেম সেল প্রতিস্থাপন
- + মাঝারি বা গুরুতর প্রাথমিক ইমিউনোডেফিসিয়েন্সি
- + এডভান্সড বা চিকিৎসা না করা এইচআইভি
- + রোগ প্রতিরোধ ক্ষমতাকে মাঝারি বা গুরুতরভাবে দুর্বল করে দেয় এমন কার্টিকোস্টেরয়েড বা অন্যান্য ওষুধের উচ্চ মাত্রাযোগে সক্রিয় চিকিৎসা।

Pfizer-এর 3য় ডোজ পেতে হলে আপনার বয়স 12 বা তার বেশি হতে হবে এবং Moderna-এর 3য় ডোজ পেতে 18 বা তার বেশি হতে হবে। ডায়াবেটিস, হৃদরোগ বা ফুসফুসের রোগের মতো অন্যান্য শারীরিক সমস্যা সমৃদ্ধ বেশিরভাগ মানুষের জন্য তৃতীয় ডোজ সুপারিশ করা হয় না।

COVID-19 বুস্টার ডোজ - Pfizer এবং Moderna ভ্যাকসিন গ্রহীতা গণ

বুস্টার শটগুলি নিম্নলিখিত যোগ্য ব্যক্তিদের জন্য পাওয়া যাচ্ছে, যদি তারা কমপক্ষে ছয় মাস আগে Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি ডোজ গ্রহণ করে থাকেন:

- + 65 বা তার বেশি বয়সী লোকেরা
- + 18 থেকে 64 বছরের যে সকল ব্যক্তিদের হয় অন্তর্নিহিত কোনও শারীরিক সমস্যা আছে কিংবা তাদের চাকরী (যেমন, স্বাস্থ্যসেবা কর্মী) অথবা তারা যেখানে থাকেন বা ঘন ঘন যাতায়াত করে (উদাহরণস্বরূপ, গৃহহীনদের আশ্রয়) তার কারণে COVID-19-এ আক্রান্ত হয়ে পড়ার বাড়তি ঝুঁকিতে আছেন
- + কোনও নার্সিংহোম বা অন্যান্য দীর্ঘমেয়াদী যত্ন সুবিধা বসবাস করছেন এমন ব্যক্তি

যে সমস্ত ব্যক্তির Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি শট পেয়েছেন তাদের বুস্টার হিসেবে পূর্বের মতো একই ভ্যাকসিন নেওয়ার চেষ্টা করা উচিত, তবে মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিন ধরনের ভ্যাকসিনের মধ্যে যেকোনও একটিতে পরিবর্তন করার স্বাধীনতা রয়েছে।

COVID-19 বুস্টার ডোজ - Johnson & Johnson ভ্যাকসিন গ্রহীতা গণ

18 বছর বা তার বেশি বয়সী যারাই কমপক্ষে দুই মাস আগে একক ডোজের Johnson & Johnson ভ্যাকসিন পেয়েছিলেন তারা এখন মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিন ধরনের ভ্যাকসিনের যে কোনও একটিতে বুস্টার শট হিসেবে নিতে পারেন। আপনার কোন ধরনের ভ্যাকসিন নেওয়া উচিত এ ব্যাপারে আপনি যদি নিশ্চিত না হন, তাহলে ভ্যাকসিন সাইটে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী বা ক্লিনিকাল স্টাফদের সাথে কথা বলুন।

NYC Health + Hospitals ব্যবস্থার হাসপাতালগুলি Pfizer এবং J&J ভ্যাকসিন প্রদান করে। NYC Health + Hospitals/Gotham Health সাইটগুলি Moderna ভ্যাকসিন প্রদান করে। অবস্থান সমূহের সম্পূর্ণ তালিকার জন্য, আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন: nychealthandhospitals.org-এই ঠিকানায়।